

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪২৬

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ রমযানে অবাধ্য-বিদ্রোহী শয়তানদের শৃঙ্খলিত করা হয়; অন্যদের নয় মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ اللَّهَ جَلَّ وَعَلَا إِنَّمَا يصفَّد الشَّيَاطِينَ فِي شَهْرِ رَمَضَانَ مَرَدَتَهُمْ دُونَ غيرهم

আরবী

3426 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ بْنِ كُرَيْبٍ حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال: (إِذَا كَانَ أَوَّلُ لَيْلَةٍ مِنْ شَهْرِ رَمَضَانَ صَفُقِدَتِ الشَّيَاطِينُ مَرَدَةُ الْجَنِّ وَغُلِقت أَبْوَابُ الْجَنَّةِ فَلَمْ يُغلق مِنْهَا بَابٌ وَفُتِحَت أَبْوَابُ الْجَنَّةِ فَلَمْ يُغلق مِنْهَا بَابٌ وَمُنَادٍ يُنَادِي: يَا بَاغِيَ الْخَيْرِ أَقْبَلْ وَيَا بَاغِيَ الشَّرِّ أَقْصِرْ وَلِلَّهِ عُتَقَاءُ مِنَ النَّارِ , وَذَلِكَ كُلَّ لَيْلَةٍ)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3426 ا خلاصة حكم المحدث: حسن صحيح _ ((التعليق الرغيب)) (2/ 68) , ((المشكاة)) (1960 ـ 1961).

বাংলা

৩৪২৬. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন রমযান মাসের প্রথম রাত আসে, তখন অবাধ্য-বিদ্রোহী শয়তানদেরকে শৃঙ্খলিত করা হয়, জাহান্নামের দরজাসমূহ বন্ধ করে দেওয়া হয় ফলে একটি দরজাও খোলা থাকে না, জান্নাতের দরজাসমূহ খুলে দেওয়া হয়, ফলে একটি দরজাও বন্ধ রাখা হয় না এবং একজন আহ্বানকারী আহ্বান করতে থাকে, "হে কল্যাণ অন্বেষনকারী, তুমি (কলাণের কাজে) অগ্রসর হও। হে মন্দ অন্বেষনকারী, তুমি (মন্দ কাজ) ক্ষ্যান্ত দাও। এসময় আল্লাহ বহু সংখ্যক লোককে জাহান্নাম থেকে মুক্ত করে দেন। এমনটা প্রত্যেক রাতে হয়ে থাকে।"[1]

ফুটনোট



[1] তিরমিযী: ৬৮২; ইবনু মাজাহ: ১৬৪২; সহীহ ইবনু খুযাইমাহ: ১৮৮৩; হাকিম: ১/৪২১; বাগাবী: ১৭০৫; সুনান বাইহাকী: ৪/৩০৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১; মুসনাদ আহমাদ: ৪/৩১১; নাসাঈ: ৪/১৩০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (মিশকাত: ১৯৬০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন